

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯২৪

আগরতলা, ১৬ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস
আসাম রাইফেলস ময়দানে পুলিশ মেডেল
ফর মেরিটোরিয়াস সার্ভিস পদক প্রদান

২০২৪ সালের স্বাধীনতা দিবস উপলক্ষে রাষ্ট্রপতির অনুমোদনে মেডেল ফর মেরিটোরিয়াস সার্ভিস পদক পাচ্ছেন ডেপুটি সুপারিনটেন্ডেন্ট অব পুলিশ কমল কৃষ্ণ কলই। তাছাড়াও টিএসআর ৮ম ব্যাটেলিয়নের সুবেদার ক্ষিরোদ দেববর্মা, টিএসআর দ্বাদশ ব্যাটেলিয়নের হাবিলদার নীহার দেববর্মা, কনস্টেবল সুজন কান্তি চৌধুরী, টিএসআর দ্বাদশ ব্যাটেলিয়নের নায়েক নির্মল দাস ও মহিলা কনস্টেবল জয়ন্তী চক্রবর্তী রাষ্ট্রপতির অনুমোদনে মেডেল ফর মেরিটোরিয়াস সার্ভিস পদকে ভূষিত হয়েছেন। হোমগার্ডস অ্যান্ড সিভিল ডিফেন্স মেডেল ফর মেরিটোরিয়াস সার্ভিস পদক পাচ্ছেন হোমগার্ড নবকুমার সরকার। গতকাল আসাম রাইফেলস ময়দানে ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানে এই ঘোষণা দেওয়া হয়।

আসাম রাইফেলস ময়দানে অনুষ্ঠিত স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী আইপিএস, টিএসআর ত্রয়োদশ ব্যাটেলিয়নের অ্যাসিস্টেন্ট কমান্ডেন্ট অমল দেববর্মা, ডেপুটি পুলিশ সুপার (সিকিউরিটি) কমল শঙ্করদাস, টিএসআর তৃতীয় ব্যাটেলিয়নের সুবেদার হেমন্ত বিস্ট, টিএসআর তৃতীয় ব্যাটেলিয়নের সুবেদার মণীন্দ্র বর্ধন, অবসরপ্রাপ্ত এসআই আশিস কুমার দাসকে ২০২৩ সালের প্রজাতন্ত্র দিবসের পুলিশ মেডেল ফর মেরিটোরিয়াস সার্ভিস পদক দেওয়া হয়। হোমগার্ডস অ্যান্ড সিভিল ডিফেন্স মেডেল ফর মেরিটোরিয়াস সার্ভিস পদক দেওয়া হয়েছে হোমগার্ড আতাউর রহমান ও মহিলা হোমগার্ড স্বপ্না দত্ত মারাককে। তাছাড়া কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর মেডেল ফর এক্সিলেন্স ইন ইনভেস্টিগেশন ফর দ্য ইয়ার ২০২২ পদক দেওয়া হয়েছে টিএসআর-এর চতুর্দশ ব্যাটেলিয়নের সাব-ইনস্পেক্টর এমিলি নন্দীকে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর মেডেল ফর এক্সিলেন্স ইন পুলিশ ট্রেনিং ফর দ্য ইয়ার ২০২১-২২ পদক পেয়েছেন সবিন দেববর্মা, খোকা মিঞা, স্বপন দেববর্মা ও রাজু সরকার। অনুষ্ঠানে তাদেরকে পদক পরিবেশন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। তাছাড়াও অনুষ্ঠানে এনসিসি ক্যাডেটদের মধ্যে বিশেষ কুশলতা ও কৃতিত্বের জন্য পুরস্কৃত হয়েছেন ত্রয়োদশ ত্রিপুরা এনসিসি বাহিনীর রাজদীপ গোস্বামী ও পঞ্চদশ ত্রিপুরা এনসিসি বাহিনীর মনীষ ভৌমিক। পর্বত অভিযানে বিশেষ কৃতিত্বের জন্য ত্রয়োদশ ত্রিপুরা এনসিসি বাহিনীর রিসা দেববর্মা এবং ত্রয়োদশ ত্রিপুরা এনসিসি বাহিনীর শুভনীল চক্রবর্তীকে ইয়ুথ এক্সচেঞ্জ প্রোগ্রামে পুরস্কৃত হয়েছেন। তাছাড়া প্রিয়লাল সেনকে ফরেস্টার অব দ্য ইয়ার, আব্দুল সাত্তারকে বনরত্ন ও সাধন দেববর্মা কে শ্রেষ্ঠ অংশীদারি বনায়ন পরিচালকের পুরস্কার দেওয়া হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা তাদের হাতে পদক তুলে দেন।
